## দশম শ্রেণি ● বাংলা ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

### ● গল্প : 'অদল বদল' ● কবিতা : 'সিন্ধুতীরে' ● রচন : 'পথের দাবী'

★ **সঠিক উত্তরটি নির্বাচন করো(MCQ) (Marks-1)**

**1. ''তরিত গমনে আসি.....''- ত্বরিত গমনে এসেছেন-**

a. রত্নসেন b. পদ্মাবতী
c. হীরামন d. পদ্মা

**উত্তর :** d. পদ্মা

**'পথের দাবী'**

**2. ''নিপতিতা চেতন রহিত...''- পদ্মাবতী চেতনা হারিয়েছেন-**

a. সমুদ্রের ঝড়ঝঞ্ঝায় b. স্বামীর জন্য দুশ্চিন্তায়
c. রাক্ষসের পীড়নে d. পিতার শোকে

**উত্তর :** a. সমুদ্রের ঝড়ঝঞ্ঝায়

**3. ''বুঝি সমুদ্রের নাও ভাঙ্গিল প্রবল বাও/ মোহিত পহিয়া সিন্ধু ক্লেশ ।''-এ কথা শুনে মনে হয়েছে-**

a. রত্নসেনের b. পদ্মাবতীর
c. বিধুন্নলার d. পদ্মার

**উত্তর :** d. পদ্মার

**4. ''চিত্রের পোতলি সমা নিপতিত মনোরমা....''- এখানে 'চিত্রের পোতিল সমা' হলেন-**

a. পদ্মাবতী b. পদ্মা
c. ন্যগমতী d. বিজয়া

**উত্তর :** a. পদ্মাবতী

**5. ''সখী সবে আজ্ঞা দিল...''-সখীদের কী আদেশ দিল-**

a. তারা যেভাবেই হোক যেন পদ্মাবতীর প্রাণ রক্ষা করে
b. তারা যেন পদ্মাবতীর স্বামীর সন্ধানে বেরিয়ে পড়ে
c. তারা যেন পদ্মাবতীকে বাগানে নিয়ে যায়
d. তারা যেন পদ্মাবতীর সঙ্গে কোনো কথা না বলে ।

**উত্তর :** c. তারা যেন পদ্মাবতীকে বাগানে নিয়ে যায়

**6. ''রুপে অতি রম্ভা জিনি''-রম্ভা হলেন-**

a. অপ্সরা b. দেবী
c. দাসী d. সখী

**উত্তর :** a. অপ্সরা

**7. পঞ্চজনে বসনে ঢাকিয়া....''-বসনে ঢেকে পাঁচ জন কী করল -**

a. পদ্মাবতীকে প্রাসাদে নিয়ে গেল
b. পদ্মাবতীকে স্বামীর নৌকায় তুলে দিল
c. পদ্মাবতীর চিকিৎসা করার জন্য হাসপাতালে নিয়ে গেল
d. পদ্মাবতীকে উদ্যানে নিয়ে গেল ।

**উত্তর :** d. পদ্মাবতীকে উদ্যানে নিয়ে গেল ।

**8. ক-টি দন্ডের মধ্যে পঞ্চকন্যা চেতন পেয়েছিল ?**

a. তিন b. চার
c. পাঁচ d. সাত

**উত্তর :** b. চার

**9. 'সিন্ধুতীরে' পদ্যাংশটি যে কাব্যগ্রন্থ থেকে নোয়া হয়েছে-**

a. পদ্মাবতী b. তোহ্ফা
c. সেকেন্দারনামা d. সতীনময়না ও লোকচন্দ্রনী

❖ **এক কথায় উত্তর দাও(V.S.A.) (Marks-1)**

**1. কবি সৈয়দ আলাওল কোন রাজসভার পৃষ্ঠপোষকতা লাভ করেন?**
**উত্তর :** কবি সৈয়দ আলাওল আরাকান রাজসভার পৃষ্ঠপোষকতা লাভ করেন ।

**2. পদ্মবতী কব্যগ্রনথটি কোন্ সময়ে রচিত ?**
**উত্তর :** ১৬৪৫ থেকে ১৬৫২ খ্রিঃ মধ্যে রচিত ।

**3. চিতোররাজ রত্নসেনের প্রথমা স্ত্রীর নাম কী ?**
**উত্তর :** চিতোররাজ রত্নসেনের প্রথমা স্ত্রীর নাম নাগমতী ।

**4. পদ্মাবতীর পিতার নাম কী ?**
**উত্তর :** পদ্মাবতী কাব্যে পদ্মাবতীর পিতার নাম গন্ধর্বসেন ।

**5. জায়সীর কাব্যে সুমদ্রকন্যার নাম কী ছিল ?**
**উত্তর :** লক্ষ্মী, যা আলাওলের কাব্যে হয়েছে পদ্মা ।

**6. ''...দিব্য পুরী সমুদ্র মাঝার''-----'দিব্য পুরী'-র অর্থ কী ?**
**উত্তর :** অলৌকিক স্বর্গীয় নগরী ।

**7. তথা কন্যা থাকে সর্বক্ষণ-কার, কোথায় থাকার কথা বলা হয়েছে ?**
**উত্তর :** সমুদ্ররাজকন্যা পদ্মার পাহাড়ের পাশে ফুল-ফলে ভরা, বিচিত্র প্রসাদময় এক বাগানে থাকার কথা বলা হয়েছে ।

**8. ''সিন্ধুতীরে রহিছে মাঞ্জস''-কে এই মাঞ্জস দেখেছিলেন ?**
**উত্তর :** সমুদ্রকন্যা পদ্মা এই মাঞ্জাস দেখেছিলেন ।

**9. ''মধ্যেতে যে কন্যাখানি রুপে অতি রম্ভা জিনি ''-- রম্ভানিন্দিত রূপটি কার ?**
**উত্তর :** চিতোররাজ রত্নসেনের দ্বিতীয় স্ত্রী পদ্মাবতী ।

**10. ''বিস্মিত হইল বালা''- বিস্মিত হওয়ার কারণ কী ?**
**উত্তর :** অচেতন কন্যার সৌন্দর্য দেখে সমুদ্রকন্যা পদ্মা বিস্মিত হয়েছিল ।

**11. ''অনুমান করে নিজ চিতে...''-পদ্মা কী অনুমান করলেন ?**
**উত্তর :** পদ্মা অনুমান করলেন যে ইন্দ্রের অভিশাপে স্বর্গের অপ্সরা বিদ্যাধরি স্বর্গভ্রষ্ট হয়ে অচেতন অবসথায় সেখানে পড়ে রয়েছেন ।

**12. ''বেথানিত হৈছে কেশ বেশ''-'বেথানিত' শব্দের অর্থ কী ?**
**উত্তর :** 'বেথানিত' শব্দের অর্থ অসম্বৃত বা বিস্থানিত, আলু-থালু ।

**13. ''কিঞ্চিৎ আছয় মাত্র শ্বাস''- কার কথা বলা হয়েছে ?**
**উত্তর :** সমুদ্রতীরে অচেতন পদ্মাবতীর কথা বলা হয়েছে ।

**14. ''কৃপা কর''- পদ্মাবতীর প্রাণরক্ষায় পদ্মা কার কৃপা প্রার্থনা করেছেন ?**
**উত্তর :** পদ্মা নিরঞ্জনের কৃপা প্রার্থনা করেছেন ।

**15. ''সখী সবে আজ্ঞা দিল''-বক্তা তার সখীদের কী আজ্ঞা দিয়েছিলেন ?**
**উত্তর :** পদ্মা তার সখীদের পদ্মাবতীর বস্ত্রে ঢেকে উদ্যানে নিয়ে গিয়ে চিকিৎসার ও শুশ্রুষার আজ্ঞা দিয়েছিলেন ।

উত্তর : a. পদ্মাবতী

**10. আলাওল বর্তমান ছিলেন-**

a. সপ্তদশ শতকে  b. চতুর্দশ শতকে
c. পঞ্চদশ শতকে  d. অষ্টদশ শতকে

উত্তর : a. সপ্তদশ শতকে

**11. ''কন্যারে ফেলিয়ে যথা...''-এই 'কন্যা' হলেন-**

a. রত্নসেনের কন্যা  b. রত্নসেনের স্ত্রী পদ্মাবতী
c. পদ্মাবতীর পঞ্চম সখী  d. সমুদ্রকন্যা পদ্মা

উত্তর : b. রত্নসেনের স্ত্রী পদ্মাবতী

**12. ''জলের মাঝারে তথা...''-জলের মধ্যে রয়েছে-**

a. সাপ  b. নগরী
c. পাহাড়  d. রাক্ষস

উত্তর : b. নগরী

**13. 'সমুদ্রনৃপতি সুতা' কে?**

a. লক্ষ্মী  b. পদ্মা
c. উমা  d. বারুণী

উত্তর : b. পদ্মা

**14. ''তার পাশে রচিল উদ্যান....'' সমুদ্রতীরে উদ্যান রচনা করেছেন -**

a. বিজয়া  b. লক্ষ্মী
c. পদ্মা  d. পদ্মাবতী

উত্তর : c. পদ্মা

**15. ''হেমরত্নে নানা রঙ্গি...''-'হেম' শব্দের অর্থ-**

a. উজ্জ্বল  b. রঙ্গিন
c. সোনা  d. নকল

উত্তর : c. সোনা

**16. অমৃত ও ইসাব দুজনের বাবা পেশায় ছিলেন-**

a. চাষি  b. শিক্ষক
c. জেলে  d. উকিল

উত্তর : a. চাষি

**17. ইসাব আর অমৃতদের বাড়ি-**

a. মুখোমুখি  b. পাশাপাশি
c. রাস্তার এপার-ওপার  d. এপাড়া-ওপাড়া

উত্তর : a. মুখোমুখি

**18. ইসাব কার সঙ্গে থাকত-**

a. দাদা  b. মা
c. বাবা  d. মা-বাবা

উত্তর : c. বাবা

**19. অমৃতের বাবাকে জামা কিনে দেওয়ার জন্য রাজি করেছিল-**

a. অমৃতের মা  b. অমৃতের দাদা
c. ইসাবের বাবা  d. অমৃতের ভাই

উত্তর : a. অমৃতের মা

**20. ''এসো আমরা কুস্তি লড়ি ।''-'আমরা' -ছিল-**

a. অমৃত ও ইসাব  b. ইসাব ও কালিয়া
c. কালিয়া ও অমৃত  d. পাঠান ও কালিয়া

উত্তর : c. কালিয়া ও অমৃত

**21. অমৃতকে কুস্তি লড়ার কথা কে বা কারা বলেছিল-**

a. ইসাব
b. ছেলেদের দল থেকে একটি ছেলে

**16. ''পঞ্চকন্যা পাইলা চেতনা ।''-পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেল ?**

উত্তর : সমুদ্রকন্যা পদ্মার সখীদের সেবাশুশ্রুষায় পঞ্চকন্যা চেতনা ফিরে পেল ।

**17. 'অদল বদল' গল্পটই কার রচিত ?**

উত্তর : গুজরাতি লেখক পান্নালাল প্যাটেল রচিত ।

**18. ''বলতে গেলে ছেলেদুটোর সবই একরকম, তফাত শুধু এই যে''-তফাতটা কী ?**

উত্তর : অমৃতের বাবা-মা আর তিন ভাই ছিল, ইসাবের ছিল শুধু তার বাবা ।

**19. কুস্তি লড়ার কথা শুনে অমৃত কী বলেছিল ?**

উত্তর : সে বলেছিল, যদি তার মা এ কথা জানতে পারে তাহলে তাকে ঠ্যাঙাবে ।

**20. অমৃত কীভাবে তার জামাটা ছিঁড়েছিল ?**

উত্তর : নিজের জামার একটা ছোটো ছেঁড়া জায়গায় আঙুল ঢুকিয়ে আরও বেশি ছিঁড়ে দিয়েছিল ।

**21. অমৃত কুস্তি লড়তে রাজি ছিল না কেন ?**

উত্তর : কারণ তার জামাকাপর নোংরা হোক সেটা সে চায়নি।

**22. কালিয়াকে কুস্তিতে কে হারিছিল ?**

উত্তর : ইসাব হারিয়েছিল ।

**23. ''ওরা ভয়ে কাঠ হয়ে গেল ।''- ভয় পাবার কারণ কী ছিল?**

উত্তর : কুস্তি লড়তে গিয়ে ইসাবের জামার পকেটের ছ-ইঞ্চি পরিমান কাপড় ছিঁড়ে যাওয়ায় অমৃত ও ইসাব ভয়ে কাঠ হয়ে যায় ।

**24. ''এসো আমরা কুস্তি লড়ি ।''- কে কাকে বলেছিল ?**

উত্তর : কালিয়া অমৃতকে বলেছিল ।

**25. অমৃতের বুক ভয়ে টিপটিপ করছিল কেন ?**

উত্তর : ছেঁড়া জামা পরে বাড়ি ফিরলে মায়ের কাছে মার খেতে হবে ভেবে তার বুক টিপটিপ করছিল ।

**26. অমৃত ও ইসাবের সব আনন্দ মাটি করে দেওয়ার জন্য কে, কী বলেছিল ?**

উত্তর : তাদের আনন্দ মাটি করে দেওয়ার জন্য ছেলেটি দুজনের কাছে গিয়ে বলেছিল যে, সে সব কিছু দেখে ফেলেছে।

**27. অমৃত ও ইসাবের জামা অদলবদলের গল্প কে বলল আর শুনল ?**

উত্তর : জামা অদলবদলের গল্প ইসাবের বাবা বললেন আর অমৃতের মা, পাড়াপড়শি মেয়ের দল শুনল ।

**28. ''উনি ঘোষণা করলেন ।''-কে, কী ঘোষণা করলেন ?**

উত্তর : গ্রামপ্রধান ঘোষণা করলেন সবায় আজ থেকে অমৃত আর ইসাবকে যথাক্রমে 'অদল এবং বদল' বলে ডাকবে ।

**29. ''সজল চোখে পাঠান বললেন''- কী বললেন ?**

উত্তর : অমৃতের জবাব তাকে বদলে দিয়েছে, অমৃত তাকে শিখিয়েছে খাঁটি জিনিস কাকে বলে ।

**30. অমৃতের মা যখন ইসাবের ছেঁড়া জামা রিফু করে দিলেন তখন অমৃত ও ইসাব কী করল ?**

উত্তর : রিফু করে দেওয়ার পরে অমৃত ও ইসাব দুজনে হাত ধরাধরি করে গ্রামের ধারে বাজি আর বুড়ির বাড়ি পোড়ানো দেখতে গেল ।

**31. 'পুলিশস্টেশনে প্রবেশ করিয়া দেখা গেল'- কী দেখা গেল?**

উত্তর : পুলিশস্টেশনে প্রবেশ করে দেখা গেল সামনের জলঘরে জন্য-ছয়েক বাঙালি বসে আছে এবং পুলিশ তাদের মালপত্র খানাতল্লাশি করছে।

c. অমৃতের ইস্কুল থেকে এক বন্ধু
d. এদের কেউই নয়
**উত্তর :** b. ছেলেদের দল থেকে একটি ছেলে

**22. ইসাবের জামা ছিঁড়ে যাওয়া দেখেছিল-**
a. অমৃতের মা b. ইসাবের বাবা
c. অমৃত d. স্কুলের এক বন্ধু
**উত্তর :** c. অমৃত

**23. ইসাবের জামা ছিঁড়ে যাওয়ার, কার কাছে তাকে মার খেতে হবে ভেবে সে ভয় পেল-**
a. মা b. বাবা
c. ঠাকুমা d. অমৃতের মা
**উত্তর :** b. বাবা

**24. অমৃতের বয়স ছিল-**
a. এগারো b. পনেরো
c. বারো d. দশ
**উত্তর :** d. দশ

**25. ইসাবের বাবা বাড়ির সামনের দাওয়ায় কীসের ওপর বসে ছিলেন?**
a. খাট b. চেয়ার
c. খাটিয়া d. টুল
**উত্তর :** c. খাটিয়া

**26. দাওয়ান-এ বসে ইসাবের বাবা খাচ্ছিলেন-**
a. হুঁকো b. লস্যি
c. পেয়ারা d. কোনোটিই নয়
**উত্তর :** a. হুঁকো

**27. অমৃতের মায়ের নাম ছিল-**
a. রমা b. বাহালি
c. পায়েল d. আরিফা
**উত্তর :** b. বাহালি

**28. ''কিন্তু ওর কপাল ভালো দিন টা ছিল''-**
a. হোলির b. পূজার
c. ইদের d. উৎসবের
**উত্তর :** a. হোলির

**29. ''উনি আসল ঘটনাটা জানেন ।''- উনি হলেন-**
a. অমৃতের বাবা b. অমৃতের মা
c. ইসাবের বাবা d. গ্রামপ্রধান
**উত্তর :** c. ইসাবের বাবা

**30. ''আজ থেকে আমরা অমৃতকে অদল, আর ইসাব কে বদল বলে ডাকব ।''-বক্তা হলেন-**
a. গ্রামপ্রধান b. ইসাবের বাবা
c. ইসাবের বন্ধু কালিয়া d. বাহালি বৌদি
**উত্তর :** a. গ্রামপ্রধান

31. ''বয়স ত্রিশ-বত্রিশের অধিক নয়, কিন্তু ভারি রোগা দেখাইল।''-এটি কোন্ শ্রেণির বাক্য-
a. সরল বাক্য b. জটিল বাক্য
c. মিশ্র বাক্য d. যৌগিক বাক্য
**উত্তর :** d. যৌগিক বাক্য

**32. 'তবে এ বস্তুটি পকেটে কেন?'-এই প্রশ্নের উত্তরে উদ্দিষ্ট ব্যক্তি কী বলেন?**
**উত্তর :** উদ্ধৃত প্রশ্নের উত্তরে উদ্দিষ্ট ব্যক্তি কী বলেন তিনি গাঁজার কলকেটি পথে কুড়িয়ে পেয়েছেন এবং যদি কারো কাজে লাগে, সেই ভেবে তুলে রেখে দিয়েছেন।

**33. কাকে, থানায় আটকে রাখা হয়েছিল?**
**উত্তর :** সব্যসাচী মল্লিক সন্দেহভাজন এক ব্যক্তিকে থানার একটি আলাদা ঘরে আটকে রাখা হয়েছিল।

**34. 'রামদাস কহিল, তারপর?''- এরপর অপূর্ব কে বলেছিল?**
**উত্তর :** রামদাসের কথার পর অপূর্ব বলেছেন তেওয়ারি ঘরে ছিল না, র্বমা নাচ দেখতে ফয়ায় গিয়েছিল। এই অবসরে তার বাড়িতে চুরি হয়।

**35. 'একত্র বসিয়া জলযোগ করিত।'- এখানে কার, কার কথা বলা হয়েছে?**
**উত্তর :** টিফিনের সময় অপূর্ব ও রামদাস একত্র বসিয়া জলযোগ করিত। আলোচ্য প্রসঙ্গে উভয়ের কথাই বলা হয়েছে।

**36. বাক্যনির্মাণের শর্ত ক-টি ও কী কী?**
**উত্তর :** বাক্যনির্মাণের শর্ত হল তিনটি। যথা- ১. যোগ্যতা। ২. আকাঙ্ক্ষা। ৩. আসত্তি বা নৈকট্য।

**37. বাক্যের ক-টি অংশ ও কী কী?**
**উত্তর :** বাক্যের দুটি অংশ। যথা- ১. উদ্দেশ্য ২. বিধেয়।

**38. যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।**
**উত্তর :** সমুদ্রের বৃষ্টি হয় না।

### ❖ <u>এক কথায় উত্তর দাও(S.A.)</u> (Marks-3)

**1. ''রূপে অতি রম্ভা জিনি/নিপতিতা চেতন রহিল ।''-কার কথা বলা হয়েছে ? মন্তব্যটি ব্যাখ্যা করো ।**
**2. ''অতি মনোহর দেশ''-এই মনোহর দেশে'-র সৌন্দর্যের পরিচয় দাও ।**
**3. ''সিন্ধুতীরে দেখি দিব্যস্থান ।''-সিন্ধুতীরে এই দিব্যস্থানে কে থাকেন ? স্থানটিকে দিব্যস্থান বলা হয়েছে কেন ?**
**4. ''বিস্মিত হইল বালা ।''-বালা কে ? তার বিস্ময়ের কারণ কী ?**
**5. ''বেথানিত হৈছে কেশ বেশ ।''- কার, কেন এরকম অবস্থা হয়েছিল ?**
**6. ''বিধি মোরে না কর নৈরাশ''-কার প্রার্থনা ? এমন প্রার্থনার কারণ কী ?**
**7. পঞ্চকন্যা পাহিলা চেতন ।- এখানে 'পঞ্চকন্যা' বলতে কাদের বোঝানো হয়েছে ? তাঁরা কীভাবে চেতনা ফিয়ে পেয়েছিল ?**
**8. ''এই বলে সে অমৃতকে খোলা মাঠে নিয়ে এল''- অমৃতকে কেন খোলা মাঠে আনা হয়েছিল ? খোলা মাঠে আনার পর কী ঘটনা ঘটেছিল ?**
**9. ইসাবের বাবা ইসাব আর অমৃতের জামা অদলবদলের কাহিনি কীভাবে জানতে পেরেছিলেন ? জানার পর ইসাবের বাবা কী করেছিলেন ?**
**10. উনি দশ বছরের অমৃতকে জড়িয়ে ধরলেন-'উনি' কে ? কেন অমৃতকে উনি জড়িয়ে ধরলেন ?**
**11. ''বাহালি বৌদি, আজ থেকে আপনার ছেলে আমার ।''- বাহালি বৌদি কে ? বক্তা কেন তাঁকে এ কথা বলেছেন ?**
**12. ''বুনো হাঁস ধরাই যে এদের কাজ''- কাদের কথা বলা হয়েছে? এমন মন্তব্যের কারণ কী?**

❖ কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও। **(Marks -5)**

1. ''দেখিয়া রুপের কলা বিস্মিত হইল বালা / অনুমান করে নিজ চিতে ।''-কে, কাকে দেখে বিস্মিত হয়েছিলেন ? সেই কন্যা সেখানে কীভাবে এসেছিল ? তাঁকে দেখে কী মনে হয়েছিল ?
2. ''দিব্য পুরী সুমদ্র মাঝার ।''-কোন পুরীকে 'দিব্য পুরী বলা হয়েছে ? তাকে 'দিব্য' বলার কারণ কী ?
3. ''অচৈতন্য পড়িছে ভূমিতে ।''-কার কথা বলা হয়েছে ? তাকে দেখে কার, কী মনে হয়েছিল ? তিনি এই অবস্থায় কোন ভূমিকা নিয়েছিলেন ?
4. ''উনি ঘটনাটি জানেন, শুধু ভালোবাসার ভান করছেন''- আসল ঘটনাটি কী ? উদ্দিষ্ট ব্যক্তি ভালোবাসার ভান করেছিলেন কিনা বুঝিয়ে দাও ।
5. ''আজ থেকে আপনার ছেলে আমার ।''- বক্তা কে ? কাকে কেন এ কথা বলেছেন ?
6. 'এই জানোয়ারটাকে ওউআচ করবার দরকার নেই বড়োবাবু'- কার উক্তি? এমন উক্তির কারণ?
7. 'পথের দাবী' রচনাংশ অবলম্বনে অপূর্বর চরিত্র বিশ্লেষণ করো।

13. ''বড়োমানুষের কথাটা শুনো।'' -কে,কাকে উদ্ধৃত কথাটি বলেছেন? এ কথা বলার কারণ কী?



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: Bangiyo Gramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299